

এনজিও বিষয়ক ব্যুরো'র কার্যাবলি

প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ২৫ নভেম্বর ২০২১ইং তারিখ জারিকৃত ০৩.০৭০.০২২.০৩.০০.০১৩.২০২১-২১৮ নং পরিপত্রের ২নং অনুচ্ছেদ অনুসারে, এনজিও বিষয়ক ব্যুরো নিম্নবর্ণিত দায়িত্বসমূহ পালন করে থাকে:

- বৈদেশিক সাহায্যপুষ্টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন, গঠনতন্ত্র অনুমোদন এবং নিবন্ধন বাতিল;
- ব্যক্তি/ এনজিও কর্তৃক দাখিলকৃত বৈদেশিক অনুদানে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন ও অর্থছাড়করণ;
- এনজিওসমূহের বিদেশি কর্মকর্তা/ পরামর্শকের নিয়োগপত্র সত্যায়ন, কার্যানুমতি ও মেয়াদ নির্ধারণ;
- এনজিওসমূহের হিসাব নিরীক্ষার জন্য চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম তালিকাভুক্তকরণ;
- এনজিওসমূহ কর্তৃক দাখিলকৃত বার্ষিক প্রতিবেদন ও অডিট প্রতিবেদন পরীক্ষণ, মূল্যায়ণ ও গ্রহণ;
- ব্যক্তি/ এনজিও কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- সরকার কর্তৃক ধার্যকৃত বিভিন্ন ফি ও এর উপর প্রযোজ্য ভ্যাট আদায়;
- অনুমোদিত প্রকল্পসমূহের প্রযোজ্য খাতে সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট/ ট্যাক্স কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণ;
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা এবং এনজিওসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয়;
- অভিযুক্ত এনজিও'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ;
- সময় সময়ে সরকার প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।